গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন -১ শাখা
www.mhapsd.gov.bd

**প্রশাসন ও অর্থ এবং মেডিকেল অনুবিভাগের মার্চ/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সংক্রান্ত।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব লিপিকা ভদ্র**<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ |
| সভার তারিখ | : | ০৬ মার্চ ২০২৩ খ্রি. |
| সভার সময় | : | সকাল ১০.৩০ টা |
| স্থান | : | অফিস কক্ষ (অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের প্রশাসন ও অর্থ এবং মেডিকেল অনুবিভাগের উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) নতুন যোগদান করায় প্রশাসন ও অর্থ এবং মেডিকেল অনুবিভাগের সকল কর্মকর্তা কর্মচারীগণ তাকে স্বাগত জানান এবং তিনি সকলের সাথে পরিচয় বিনিময় করেন। বর্ণিত অনুবিভাগ ২টির অধীণ কর্মকর্তাগণ তাদের স্ব স্ব অধিশাখা/শাখার কার্যক্রম সভায় উপস্থাপন করলে সভাপতি সকল শাখার কার্যক্রম সম্পর্কে অবহিত হয়ে বলেন, যে সকল ডাক/নথি অনিস্পন্ন রয়েছে সেগুলো দ্রুত নিস্পত্তি করতে হবে। সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসারে নিয়মিত শাখা পরিদর্শন করতে হবে। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক শতকরা ৮৫% পত্রাদি ই-নথির মাধ্যমে নিস্পত্তি করতে হবে। অত:পর প্রশাসন-১ শাখার সিনিয়র সহকারী সচিবকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

সিনিয়র সহাকরী সচিব, প্রশাসন-১ শাখা সভায় জানান যে, এ বিভাগের প্রথম শ্রেনী ও ২য় শ্রেনীর পদে জনবলের স্বল্পতা নেই। ৩য় ও ৪র্থ শ্রেনীর জনবলের স্বল্পতা থাকায় ৩১টি পদের জন্য নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত ৩১টি পদে নিয়োগের জন্য গত ১৮-০৯-২০২২ খ্রি. তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হলে ৩৭,৯৫৯টি আবেদন জমা হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের নির্দেশনা মোতাবেক দ্রুত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষে উক্ত আবেদনসমূহের বিষয়ে পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।

সভাপতি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ই-নথির মাধ্যমে সকল পত্রাদি নিস্পত্তি করা, পেন্ডিং কার্যক্রম দ্রুত নিস্পত্তিসহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা(NIS), বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA), ইনোভেশন, সিটিজেন চার্টার ইত্যাদির সূচকসমূহ নির্ধারিত সময়ের মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে।

উপসচিব প্রশাসন-২ শাখা সভাকে অবহিত করে বলেন যে, এ বিভাগের ০৭টি গাড়ীসহ আওতাধীন দপ্তর/সংস্থা মধ্যে পুলিশ অধিদপ্তর হতে ১৮টি, আনসার ও ভিডিপি অধিদপ্তর হতে ০৫টি, বিজিবি হতে ০৩টি, কোষ্টগার্ড হতে ০২টি, র‍্যাব হতে ০১টি, পরিবহন পুল হতে ০৩টি সর্বমোট ৩৯টি গাড়ী এ বিভাগের দাপ্তরিক কার্যক্রমে ব্যবহৃত হচ্ছে। এ বিভাগের সকল শাখায় প্রাপ্ততা সাপেক্ষে মালামাল সরবরাহ করা হয়ে থাকে।

উপসচিব প্রশাসন-৩ শাখা সভাকে অবহিত করেন যে, জাতীয় সংসদের মাননীয় প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর প্রশ্নোত্তর, মন্ত্রিসভা বৈঠকে গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ, সচিব সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ, কর্মকর্তাগণের নামের তালিকা বিভিন্ন দপ্তরে প্রেরণ, বিভিন্ন পদক প্রদান সংক্রান্ত, বুকলেট প্রণয়ন সংক্রান্ত, বার্ষিক প্রতিবেদন বই আকারে প্রকাশ, মাসিক প্রতিবেদন প্রেরণ, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ণ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ, মন্ত্রিপরিষদ বিভাগে রিপোর্ট প্রদান, জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন/সমন্বয় করা হয়। শাখায় কোন পেন্ডিং পত্র/নথি নেই। শতভাগ পত্র ই-নথির মাধ্যমে নিস্পত্তি করা হয়।

*চলমান পাতা-২*

উপসচিব মেডিকেল-১ শাখা সভাকে অবহিত করেন যে, এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের হাসপাতালের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার লক্ষে গত ০১ মার্চ ২০২৩ খ্রি. তারিখে নব নিয়োগ এর সকল কার্যক্রম গ্রহণ শেষে অ্যাসিসট্যান্ট রেজিষ্ট্রার ০৫ জন, প্যাথলজিষ্ট ০৬জন, সহকারী সার্জন(এমও) ১৫ জন, রেডিওলজিস্ট ০৫ জন, ইমার্জেন্সী মেডিকেল অফিসার ০৮ জন, মেডিকেল অফিসার ৮২ জনসহ সর্বমোট ১২১ জন বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা/কর্মচারী নিয়োগ প্রদান করে পুলিশ অধিদপ্তরে ন্যস্ত করা হয়েছে।

সিনিয়র সহকারী সচিব, বাজেট-১ শাখা সভায় জানান যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মূল ভবনের পিছনে ৪র্থ তলা বিশিষ্ট ষ্টিল স্ট্রাকচার নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। উক্ত সিদ্ধান্তের আলোকে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক ৫০,০০০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা সংশোধিত বাজেটে বরাদ্দ রাখার অনুরোধ করা হয়েছে। বর্ণিত কাজের NOA প্রদানের নিমিত্ত অনুমতির জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। সংশোধিত বাজেট চূড়ান্ত হলে উক্ত অর্থ বরাদ্দের বিষয়টি নিশ্চিত হওয়া যাবে মর্মে সভাকে অবহিত করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. | ই-নথি, পেন্ডিং কার্যক্রম দ্রুত নিস্পত্তিসহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS), বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA), ইনোভেশন, সিটিজেন চার্টার ইত্যাদির সূচকসমূহ নির্ধারিত সময়ের মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে। | সকল অধিশাখা/শাখা (প্রশাসন ও অর্থ এবং মেডিকেল অনুবিভাগ) |
| ০২. | জননিরাপত্তা বিভাগের বিভিন্ন পদে কর্মচারী নিয়োগ দ্রুত নিস্পত্তি করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা) |
| ০৩ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মূল ভবনের পিছনে চার তলা বিশিষ্ট একটি ষ্টিল স্ট্রাকচার নির্মাণের নিমিত্ত NOA প্রদানের বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | বাজেট শাখা-১ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৩-০৩-২০২৩
**লিপিকা ভদ্র**
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০১৯.১৯.০০৪.২২-২০০

তারিখ: ১৩ মার্চ ২০২৩খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, জননিরাপত্তা বিভাগ
২। যুগ্মসচিব, বাজেট অধিশাখা, জননিরাপত্তা বিভাগ
৩। উপসচিব, প্রশাসন-২ শাখা, জননিরাপত্তা বিভাগ
৪। উপসচিব, প্রশাসন-৩ শাখা, জননিরাপত্তা বিভাগ
৫। উপসচিব, মেডিকেল -১ শাখা, জননিরাপত্তা বিভাগ
৬। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, জননিরাপত্তা বিভাগ
৭। সিনিয়র সহকারী সচিব, বাজেট-১ শাখা, জননিরাপত্তা বিভাগ
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
৯। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, জননিরাপত্তা বিভাগ
১২। সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
১৩। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন,অর্থ ও আইসিটি অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩.০৩.২০২৩

মোঃ জাহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব